বাংলাদেশ ব্যাংক

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট-১ ও ২

ইনোভেশন ফেয়ার

এক দেশ এক QR,
লেনদেনে Bangla QR

Bangla QR কী ও কেন?

সর্বসাধারণের জীবনমান উন্নত করার লক্ষ্যে নগদ অর্থের ব্যবহার হ্রাস, আর্থিক লেনদেনে স্বচ্ছতা আনয়ন এবং ডিজিটাল লেনদেনের সুবিধা প্রান্তিক পর্যায়ের গ্রাহকদের কাছে পৌঁছে দিতে বাংলাদেশ ব্যাংক রিটেইল পেমেন্ট ব্যবস্থায় একক, ব্যয়সাশ্রয়ী ও Interoperable Bangla QR কোডভিত্তিক লেনদেন ব্যবস্থা প্রচলন করেছে।

Bangla QR ব্যবস্থায় অংশগ্রহণকারী যেকোনো ব্যাংক, এমএফএস বা পিএসপি-এর গ্রাহক মোবাইল অ্যাপের মাধ্যমে Bangla QR স্ক্যান করে যেকোনো অংশগ্রহণকারী ব্যাংক, এমএফএস বা পিএসপি-এর মার্চেন্ট বা দোকানে পেমেন্ট করতে পারেন। এ ব্যবস্থায় নগদ অর্থ বা কার্ড বহনের প্রয়োজন হয় না। পেমেন্ট দ্রুত, নিরাপদ ও সহজ হওয়ার পাশাপাশি নগদ লেনদেনজনিত প্রতারণা, জাল নোট এবং ছেঁড়া-ফাটা নোটের ঝুঁকিও হ্রাস পায়।

“এক দেশ এক QR, লেনদেনে Bangla QR” প্রতিপাদ্যকে সামনে রেখে সরকারি সেবা, শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্যসেবা, সড়ক সেতুর টোল এবং মার্চেন্ট পয়েন্টসমূহে Bangla QR-এর ব্যবহার সম্প্রসারণ, স্মার্টফোন ও ইন্টারনেটের সহজলভ্যতা এবং লেনদেনের খরচ কমাতে বাংলাদেশ ব্যাংক কাজ করে যাচ্ছে।

Bangla QR ব্যবহার করে কীভাবে অর্থ পরিশোধ করবেন?

০১ মোবাইলে আপনার ব্যাংক/এমএফএস/পিএসপি-এর অ্যাপ ডাউনলোড করুন।

০২ ব্যাংক/এমএফএস/পিএসপি-এর অ্যাপে প্রয়োজনীয় তথ্য দিয়ে লগইন করুন।

০৩ দোকান বা মার্চেন্ট আউটলেটে প্রদর্শিত Bangla QR কোড স্ক্যান করুন।

০৪ পণ্য বা সেবার মূল্য পরিশোধের জন্য টাকার পরিমাণ লিখুন।

০৫ PIN/OTP টাইপ করে লেনদেন সম্পন্ন করুন।

০৬ পেমেন্টের কনফার্মেশন ও ডিজিটাল রিসিট গ্রহণ করুন।

Bangla QR-এর সুবিধাসমূহ

গ্রাহক বা ক্রেতাদের জন্য

- দ্রুত, নিরাপদ ও সহজে মূল্য পরিশোধের সুযোগ।
- নগদ অর্থ বহনের প্রয়োজন নেই।
- ডেবিট বা ক্রেডিট কার্ড সঙ্গে রাখার প্রয়োজন নেই।
- ২৪/৭ নিরাপদ ও সুরক্ষিত পেমেন্ট ব্যবস্থা।
- খুচরা টাকার ঝামেলা, জাল নোট ও প্রতারণার ঝুঁকি হ্রাস।
- লেনদেনের তথ্য ব্যবহার করে ন্যানো লোন গ্রহণের সুযোগ।

বিক্রেতাদের জন্য

- নগদ অর্থ ব্যবস্থাপনার প্রয়োজন হয় না।
- স্বল্প খরচে ডিজিটাল পেমেন্ট গ্রহণের সুযোগ।
- খুচরা টাকা, জাল নোট ও নগদ অর্থসংক্রান্ত প্রতারণার ঝুঁকি হ্রাস।
- স্বচ্ছ ও অনুসরণযোগ্য (Traceable) লেনদেন নিশ্চিত করে।
- আর্থিক অন্তর্ভুক্তি জোরদার করে।
- লেনদেনের তথ্য ব্যবহার করে ন্যানো লোনসহ বিভিন্ন অর্থায়ন সুবিধা গ্রহণের সুযোগ।

Bangla QR ব্যবহার করে কীভাবে অর্থ পরিশোধ করবেন?



পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট কর্তৃক পরিচালিত পেমেন্ট পরিসেবা

০১ | Bangladesh Automated Clearing House (BACH)

দেশের পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থার সময় ও ঝুঁকি হ্রাসের মাধ্যমে আন্তঃব্যাংক লেনদেন পরিচালনায় Bangladesh Automated Clearing House (BACH) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

Bangladesh Automated Cheque Processing System (BACPS)

BACH-এর বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS)-এ অংশগ্রহণকারী সদস্য ব্যাংকসমূহের মধ্যে চেক ও অন্যান্য অনুমোদিত কাগুজে ইন্সট্রুমেন্টের স্বয়ংক্রিয় পরিশোধ ও নিষ্পত্তি

Bangladesh Electronic Funds Transfer Network (BEFTN)

কাগজবিহীন পরিশোধ ব্যবস্থাকে উৎসাহিত করার লক্ষ্যে BEFTN একটি নিরাপদ, গতিশীল ও ব্যয়সাশ্রয়ী লেনদেন

২০১১ সাল থেকে BEFTN-এর মাধ্যমে—

- বেতন ও ভাতা প্রদান
- বৈদেশিক ও অভ্যন্তরীণ রেমিটেন্স
- সামাজিক নিরাপত্তা ভাতা
- সঞ্চয়পত্রের সুদ ও মূল অর্থ
- ইউটিলিটি বিল
- ঋণের কিস্তি

প্রদানসহ বিভিন্ন ধরনের লেনদেন সম্পাদিত হচ্ছে।

অর্থবছর ২০২৫-২৬

BACPS:

১.৮৬ কোটি চেক নিষ্পত্তি
প্রায় ১৮.১২ লক্ষ কোটি টাকা

BEFTN:

২৯.৭৬ কোটি EFT নিষ্পত্তি
প্রায় ১৩.৬৮ লক্ষ কোটি টাকা

	Cheque		EFT	
Year	No. of Items	Amount in Cr. Tk.	No. of Items	Amount in Cr. Tk.
2021	86,678	10245.62	794,013	2333.36
2022	90,823	10564.29	802,463	2488.44
2023	91,281	10127.70	997,188	3151.47
2024	84,711	9028.63	11,14,035	3949.13
2025	78,909	7702.07	12,21,757	3842.22

!

Transaction Profile of BACH

Transaction Profile of BACH

Average Per Day



Transaction Profile of BACH

Average Per Day



০২ National Payment Switch Bangladesh (NPSB)

বাংলাদেশে আর্থিক অন্তর্ভুক্তি ত্বরান্বিত করতে এবং ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (ডিএফএস) ও ই-কমার্সের প্রসারকে গতিশীল করতে বাংলাদেশ ব্যাংক বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ আন্তঃব্যাংক ক্লিয়ারিং ও সেটেলমেন্ট সিস্টেমের সমন্বয়ে একটি আধুনিক ডিজিটাল পেমেন্ট অবকাঠামো গড়ে তুলেছে। ইন্টারঅপারেবল এটিএম, পিওএস এবং ইন্টারনেট ব্যাংকিং লেনদেন সক্ষম করতে ২০১২ সালের ডিসেম্বরে চালু হওয়া 'ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ' (এনপিএসবি) বর্তমানে প্রতি মাসে আনুমানিক **৭৩০.২৭ বিলিয়ন টাকা** মূল্যের প্রায় **২২.৭৪ মিলিয়ন** লেনদেন পরিচালনা করছে। ১ নভেম্বর ২০২৫ তারিখে পূর্ণাঙ্গ এমএফএস (মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস) ইন্টারঅপারেবিলিটি সেবা চালু করা হয়। এই উদ্যোগের ফলে বিভিন্ন এমএফএস সেবাদাতা প্রতিষ্ঠান ও ব্যাংকগুলোর মধ্যে লেনদেনের পরিধি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এই ব্যবস্থার মাধ্যমে প্রতি মাসে গড়ে প্রায় **১.৫ মিলিয়ন** লেনদেন হচ্ছে, যার আনুমানিক গড় আর্থিক মূল্য দাঁড়িয়েছে **৫.০১৫ বিলিয়ন টাকা**। জুলাই, ২০২৬ পর্যন্ত **৪,৬৭,২৫৯ টি** টাকা পে কার্ড ব্যাংগুলো গ্রাহকদের সরবরাহ করেছে।

আধুনিক পেমেন্ট ব্যবস্থাগুলো সম্মিলিতভাবে আর্থিক অন্তর্ভুক্তিকে শক্তিশালী করেছে, ইলেকট্রনিক মাধ্যমগুলোর প্রতি গ্রাহকের আস্থা বৃদ্ধি কল্লেছে এবং গ্রাহক-টু-বিজনেস ও বিজনেস-টু-বিজনেস বাণিজ্যকে সহজতর করেছে। বিভিন্ন প্ল্যাটফর্মের মধ্যে অর্থ স্থানান্তর সহজ করে, কাগজের টাকার ওপর নির্ভরতা কমিয়ে এবং রিয়েল-টাইম সেটেলমেন্ট সক্ষম করে এই সামগ্রিক ইকোসিস্টেম দেশে ই-কমার্সের প্রসারকে ত্বরান্বিত করছে এবং একটি নিরাপদ, দক্ষ ও অন্তর্ভুক্তিমূলক ক্যাশলেস অর্থনীতির দিকে রূপান্তরকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

উল্লেখ্য যে, ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ (এনপিএসবি)-এর পাশাপাশি বিভিন্ন বেসরকারি ও আন্তর্জাতিক সুইচিং নেটওয়ার্কও এটিএম, পিওএস এবং ই-কমার্স লেনদেনের নিষ্পত্তিতে সহায়তা করে আসছে। অর্থবছর ২৬-এ এই পেমেন্ট চ্যানেলগুলোতে ইতিবাচক প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়েছে, যেখানে বিগত বছরের তুলনায় এটিএম, পিওএস, আইবিএফটি, বাংলা কিউআর এবং এমএফএস/ওয়ালেট ইন্টারঅপারেবল লেনদেনের মোট পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

ডিজিটাল ও ইন্টারঅপারেবল লেনদেনের সম্প্রসারণ

ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ (NPSB)-এর পাশাপাশি বিভিন্ন বেসরকারি ও আন্তর্জাতিক সুইচিং নেটওয়ার্কও ATM, POS এবং ই-কমার্স লেনদেনের নিষ্পত্তিতে সহায়তা করে আসছে।

অর্থবছর ২০২৫-২৬-এ ATM, POS, IBFT, Bangla QR এবং MFS/Wallet Interoperable লেনদেনের মোট পরিমাণ বিগত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

আধুনিক পেমেন্ট ব্যবস্থাগুলো আর্থিক অন্তর্ভুক্তিকে শক্তিশালী করেছে, ইলেকট্রনিক মাধ্যমের প্রতি গ্রাহকের আস্থা বৃদ্ধি করেছে এবং Customer-to-Business ও Business-to-Business বাণিজ্যকে সহজতর করেছে।

বিভিন্ন প্ল্যাটফর্মের মধ্যে অর্থ স্থানান্তর সহজ করা, কাগজের টাকার ওপর নির্ভরতা কমানো এবং রিয়েল-টাইম সেটেলমেন্টের মাধ্যমে এ পেমেন্ট ইকোসিস্টেম দেশে ই-কমার্সের প্রসার এবং নিরাপদ, দক্ষ ও অন্তর্ভুক্তিমূলক ক্যাশলেস অর্থনীতির দিকে রূপান্তরকে এগিয়ে নিচ্ছে।



এমএফএস ইন্টারঅপারেবল ট্রানজেকশন

০৩ | Bangladesh Real Time Gross Settlement (BD-RTGS)

দেশের অভ্যন্তরে দেশীয় মুদ্রায় সম্পাদিত বৃহদাংকের, অর্থাৎ এক লক্ষ টাকা বা তার বেশি, আন্তঃব্যাংক আর্থিক লেনদেন তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির লক্ষ্যে ২৯ অক্টোবর ২০১৫ তারিখে BD-RTGS ব্যবস্থার কার্যক্রম শুরু হয়।

প্রাথমিকভাবে বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে লেনদেন নিষ্পত্তির সুযোগ থাকলেও পরবর্তীতে EDS Money প্ল্যাটফর্মে সংযুক্ত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১৯টি প্রতিষ্ঠানকে RTGS ব্যবস্থায় অন্তর্ভুক্ত করা হয়।

২০২২ সালের সেপ্টেম্বর থেকে দেশের অভ্যন্তরে বৈদেশিক মুদ্রার লেনদেনও RTGS ব্যবস্থায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

লেনদেনের নিম্নসীমা

গ্রাহক থেকে গ্রাহকের লেনদেনের ক্ষেত্রে ন্যূনতম—

১,০০,০০০ টাকা

তবে বন্দর ফিসহ অন্যান্য সরকারি লেনদেন এবং দেশের অভ্যন্তরে বৈদেশিক মুদ্রার লেনদেনের ক্ষেত্রে যেকোনো মূল্যমানের লেনদেন করা যায়।

অক্টোবর ২০২৫ থেকে গ্রাহকরা ব্যাংকিং লেনদেনের নির্ধারিত সময়ের অতিরিক্ত এক ঘণ্টা অনলাইন সিস্টেম ব্যবহার করে RTGS-এ লেনদেন করতে পারছেন।

Customer Credit Confirmation Message-এর মাধ্যমে লেনদেন প্রেরণকারী ব্যক্তি তার প্রেরিত অর্থের প্রাপ্যতা নিশ্চিত হতে পারেন।

BD-RTGS
লেনদেনের অগ্রগতি

নিরাপদ, দ্রুত ও
নির্ভরযোগ্য আন্তঃব্যাংক লেনদেন

লেনদেনের সংখ্যা (টি)



নিস্পত্তিকৃত অর্থের পরিমাণ (মিলিয়ন মার্কিন ডলারে)



শক্তিশালী পেমেন্ট অবকাঠামো
সমৃদ্ধ বাংলাদেশের অগ্রযাত্রা

০৪
Inclusive Instant Payment System (IIPS)

দেশের পেমেন্ট পরিসেবা আধুনিকায়নের অংশ হিসেবে বাংলাদেশ ব্যাংক API-ভিত্তিক Inclusive Instant Payment System (IIPS) প্ল্যাটফর্ম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে।

দেশের বিদ্যমান ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্ম ব্যবহার করে ব্যাংক, **MFS ও PSP**-এর মধ্যে আন্তঃলেনদেন সম্পন্ন হলেও ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানকে এ

IIPS বাস্তবায়িত হলে আর্থিক সেবা প্রদানকারী সকল প্রতিষ্ঠান একই পেমেন্ট অবকাঠামোর আওতায় আসবে বলে আশা করা হচ্ছে।

IIPS প্ল্যাটফর্মে অন্যান্য সকল ধরনের লেনদেন সুবিধার পাশাপাশি **Cross-Border Remittance** চালুর সুযোগ রয়েছে।

এর মাধ্যমে বিদেশ থেকে রেমিট্যান্স আহরণ আরও সহজতর হবে।

Payment for a Smarter Bangladesh

মেলায় প্রদর্শিত
সকল লিফলেট
পেতে স্ক্যান করুন